

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৬  
০৮ ডিসেম্বর ২০১৯

অফিস আদেশ

শেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরপুর এর প্রধান শিক্ষকের পদ শূন্য থাকায় সহকারী প্রধান শিক্ষক জনাব এ্যানী সুরাইয়া মিলোজ-কে ১৩.১১.২০১৯ খ্রি. হতে বর্ণিত শর্তসাপেক্ষে সাময়িকভাবে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্বসহ আর্থিক লেন-দেনের ক্ষমতা প্রদান করা হলো। তিনি নিজের এবং অন্যান্য শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারীদের আয়ন-ব্যয়নকারী কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

শর্তসমূহ:

(ক)	এই দায়িত্ব তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত। পরবর্তীতে শূন্য পদে প্রধান শিক্ষক/জ্যেষ্ঠতম সহকারী প্রধান শিক্ষকের যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
(খ)	ট্রেজারী ও সাব-ট্রেজারী আইনের এস.আর/৯৬ ভলিউম-১ অনুযায়ী তাকে আনুষংগিক ভাতা, সম্মানী ইত্যাদি বিল সমূহে স্বাক্ষর করার ক্ষমতা প্রদান করা হলো।
(গ)	দায়িত্ব পালনকালীন সকল প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনিই সর্বোত্তম দায়ী থাকবেন। তাঁকে বিধি বিধানের আলোকে সকল প্রকার লেনদেন করতে হবে ও আর্থিক লেনদেনের হিসাব-নিকাশ অবশ্যই নির্দিষ্ট রেজিস্টারে সংরক্ষণ করতে হবে।
(ঘ)	তিনি প্রচলিত বিধি মোতাবেক দায়িত্ব ভাতা পাবেন।

স্বাক্ষরিত  
(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারহুক)  
মহাপরিচালক

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০১.১৯- ২৭৩০

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৬  
০৮ ডিসেম্বর ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় কার্যালোচনা অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
- ০২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
- ০৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- ০৪। প্রধান শিক্ষক, শেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরপুর।
- ০৫। জনাব এ্যানী সুরাইয়া মিলোজ, সহকারী প্রধান শিক্ষক, শেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরপুর।
- ০৬। সংরক্ষণ নথি।

(মো. আমিনুল ইসলাম টুকু)  
সহকারী পরিচালক (মাধ্যমিক-১)

৯৫৬১২৫৮

Email: addshesecondary1@gmail.com

০৮.১২.১৯